দৈনিক ইনকিলাব

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ..02 DEC 1988..
পৃষ্ঠা ... 5 ... কলাম ... 7 ...

237

## কলেজ সরকারীকরণের আবেদন

দৈনিক ইনকিলাব পত্রিকার 'সম্পাদক সমীপে' কলামে গত ১৩ নভেম্বর 'সোনারগাঁয় সরকারী কলেজ' শীর্ষক একটি চিঠি প্রকাশিত হয়েছে। পত্র লেখকের মতামতকে সমর্থন করে এ উপজেলায় সোনারগাঁও ডিগ্রী কলেজকে সরকারীকরণের দাবী জানাচ্ছি।

পত্র লেখকের বক্তব্যের কিছু অংশের প্রতিবাদ জানাতে চাই। পত্র লেখকের মতামত অনুযায়ী দেখা যাচ্ছে যে, ছাত্র-ছাত্রীদের সংখ্যা এত বেশী যে, রীতিমত দাঁড়িয়ে ক্লাস করতে হয়। অন্ততঃপক্ষে ক্লাস করার মত ক্যাপাসিটি সোনারগাঁও ডিগ্রী কলেজের আছে। ঐতিহ্যবাহী সোনারগাঁয়ের উন্নয়নের অংশ হিসাবে এ উপজেলায় উক্ত কলেজটিকে সরকারীকরণ করা যেতে পারে বলে মনে করি।

এ ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয়ের সুবিবেচনা কামনা করছি।

—ডাঃ শেখ মাহউদুর রহমান,
নারায়ণগঞ্জ, মোগড়াপাড়া,
সোনারগাঁও।